

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর
৪৫০, জি. এল. রায় রোড, পূর্ব কামাল কাছনা,
রংপুর।
[জনপ্রশাসন শাখা]
www.rangpurvat.gov.bd

নথি নং-০৮.০১.৮৫০০.২০২.০৮.০০১.১৯/

তারিখ- ০৫.২০১৯ খ্রি:

“আদেশ”

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, রংপুর এ কর্মরত জনাব নূর-ই-জান্নাত মোছাঃ তাহিরা'কে তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯-এর বিধি-৩(১)(বি)(২)-এর বিধান ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) তারিখ-১৯.০৬.২০১১ এর অনুচ্ছেদ-৩(খ) এবং জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র নথি নং-০৮.০১.০০০০.০১৩.১৬.০০১-১৫/৩১৬(১৩) তারিখ-২৫.০৩.২০১৫ এর অনুচ্ছেদ-(২) অনুসারে ভারতে অবস্থিত ধর্মীয় পবিত্র স্থান (আজমীর শরীফ) ও অন্যান্য ধর্মীয় স্থান পরিভ্রমণের লক্ষ্যে বহিঃ বাংলাদেশ ভ্রমণের অনুমতিসহ ২০.০৭.২০১৯ খ্রি. হতে ০৯.০৮.২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত ২০ (বিশ) দিন অথবা ছুটি ভোগের তারিখ হতে ২০ (বিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) নিম্নলিখিত শর্তে মঞ্জুর করা হলো :

- উক্ত ভ্রমণে সরকারী খাত হতে কোন প্রকার আর্থিক সুবিধা বা বাংলাদেশ সরকারের কোন বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না।
- ভ্রমণ/ছুটিকালীন সময়ে বেতন ও ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদান করা হবে।
- কোন ভ্রমণ ভাতা প্রাপ্ত হবেন না।
- মঞ্জুরীকৃত ছুটি কোন অবস্থাতেই বর্ধিত করা যাবে না।
- অনুমোদিত ছুটি শেষে আবশ্যিকভাবে কর্মস্থলে যোগদান করতে হবে।



(মোহাম্মদ আহসানুল হক)

কমিশনার

ফোনঃ- ০৫২১-৫৫৩৮১।

ই-মেইল : cevrangcom@yahoo.com

নথি নং-০৮.০১.৮৫০০.২০২.০৮.০০১.১৯/২৪৬০(৩০)

তারিখ- ০৫.০৭.২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] :

- কনসুলার, ভিসা সেকশন, ভারতীয় দূতাবাস, ঢাকা।
- উপ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, রংপুর।
- বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর।
- আয়ন-ব্যয়ন কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, রংপুর।
- ইমিগ্রেশন কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- অফিসার-ইন-চার্জ, ইমিগ্রেশন, হিলি/বুড়িমারী/বাংলাবান্দা/বেনাপোল/ভোমরা।
- জনাব নূর-ই-জান্নাত মোছাঃ তাহিরা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, রংপুর।
- জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, রংপুর।
- শাখা প্রধান (কম্পিউটার শাখা), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর। তাঁকে আদেশটি এ কমিশনারেটের ওয়েবসাইট (www.rangpurvat.gov.bd) এ আপলোড করার জন্য বলা হলো।
- অফিস কপি/গার্ড নথি, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।



(মোহাম্মদ আহসানুল হক)

কমিশনার